# MARKING SCHEME

# SUBJECT – BENGALI

# ( বাংলা )

# CLASS XII

# SESSION - 2023 – 2024

# SUBJECT CODE : 105

Code No. 105

- This question paper contains **14** printed pages.

The Question Paper consists of **2 Parts** and
**4 Sections.**

**Marking Scheme**
**Class - XII (2023 - 24)**
**Subject – Bengali(105)**

**সময়- ৩ঘন্টা** **সর্বমোট অঙ্ক - ৮0**

**Time: 3 Hrs.** **Maximum Marks: 80**

| | | | |
|---|---|---|---|
| | | **PART- A: Objective Type Questions( MCQ)** | |
| **Section** | **Question No.** | **Expected Answers / Value Points** | **Distribution of Marks** |
| **A (Unseen Comprehension)** | **1. A.** | **বোধ পরীক্ষণ** থেকে নির্বাচনমূলক প্রশ্ন(MCQ) প্রতিটি সঠিক উত্তরের জন্য 1 নম্বর | **2(1x5)=10** |
| | **I.** | B. হাওয়াই ও তাহিতি দ্বীপগুলিতে | |
| | **II.** | B.মন্তব্য (খ) সঠিক, কিন্তু মন্তব্য(ক)গ্রহণযোগ্য নয় | |
| | **III.** | D. পলিনেশিয়ার আদিবাসী মহিলাদের | |
| | **IV.** | B. হাওয়াইতে | |
| | **V.** | C. সম্ +ভূত | |
| | **B. I.** | B. দুপুরের আগুন ঝরা আকাশ,রৌদ্রের প্রাখর্য, বিশুষ্কপ্রায় ঝাউবন | |
| | **II.** | C. তরাই অঞ্চল থেকে বয়ে আসা ছোট পাহাড়ি নদীতে | |
| | **III.** | A.মন্তব্য (ক) সঠিক, কিন্তু মন্তব্য(খ)গ্রহণযোগ্য নয় | |

| | | | |
|---|---|---|---|
| | **IV.** | C. বড় জলাশয়কে | |
| B(Grammar) | **V.** | D. 'অনাবৃষ্টি' | |
| | **2.** | **বাগধারা/ প্রবাদ** থেকে নির্বাচনমূলক প্রশ্ন(MCQ) | **1x5=5** |
| | **I** | C.অরণ্যে রোদন | |
| | **II** | B. ওজন বুঝে চলা | |
| | **III** | A.সতীশবাবু কোনদিনই ঠিক সময়ে অফিসে পৌঁছাতে পারেন না কারণ তাঁর হচ্ছে আঠারো মাসে বছর | |
| | **IV.** | A. বহু গুণী মানুষের একত্র সমাবেশ | |
| | **V.** | C. ছাই চাপা আগুন | |
| | **VI.** | A. বিশৃঙ্খল | |
| | **VII.** | B. নাচতে না জানলে উঠোনের দোষ | |
| | **VIII.** | D. মান্ধাতার আমল | |
| **C(Main Course Book)** | **3.** | **নাটক** থেকে নির্বাচনমূলক প্রশ্ন (MCQ) | **1x5=5** |
| | **I.** | B. ঔরঙ্গজেব | |
| | **II.** | C. রিজিয়া | |
| | **III.** | A. কালীনাথকে দেখে | |
| | **IV.** | C.মৃত্যুকাল | |
| | **V.** | D. রজনীকান্তের একাকিত্ব | |

| | | | |
|---|---|---|---|
| | VI. | C.পেশাদারি থিয়েটার | |
| | 4. | **সহায়ক পাঠ** থেকে নির্বাচনমূলক প্রশ্ন | 1x5=5 |
| | I. | C. আসানসোল স্টেশনের সার্চলাইট | |
| | II. | B. গোরু-ঘোড়া-মানুষ | |
| | III. | A. চুরি করা মহাপাপ | |
| | IV. | D. খনির নিজস্ব হাসপাতাল | |
| | V. | B. জমিদার | |
| | VI. | C. কারণ (ক) ঠিক কিন্তু (খ) ভুল | |
| | | **PART-B(Descriptive Questions)** | |
| | 5. | **ধ্বনিবিজ্ঞানের** সূত্রগুলির **যে কোনো <u>একটির</u> <u>দু'টি</u>** উদাহরণ সহ সংজ্ঞা:<br><br>অপিনিহিতি **অথবা** অভিশ্রুতি **অথবা** স্বরভক্তি<br><br>●শুধু সংজ্ঞাটিকে ঠিকভাবে লিখলে 3 নম্বর<br><br>●উৎস শব্দটিকে পাশে রেখে উদাহরণ দিলে অর্থাৎ উচ্চারণ পরিবর্তনের স্তর নির্দেশের চেষ্টা করলে প্রতিটি উদাহরণের জন্য 1 নম্বর। যেমন : অপিনিহিতি – 'দেখিয়া'> 'দেইখ্যা'<br><br>অভিশ্রুতি-'দেখিয়া'> 'দেইখ্যা'>'দেখে'<br><br>স্বরভক্তি- 'শক্তি' > 'শকতি' 1+1=2<br><br>কিনতু সংশ্লিষ্ট রীতি প্রভাবিত শব্দটির উল্লেখ করলে প্রতিটির জন্য 0.5 নম্বর । যেমন: অপিনিহিতি- 'দেইখ্যা'<br><br>অভিশ্রুতি- 'দেখে' | 3+2=5 |

| | | | |
|---|---|---|---|
| | | স্বরভক্তি– ‘শকতি’ 0.5 + 0.5 = 1 | |

| | | | |
|---|---|---|---|
| | **6.** | **শব্দার্থতত্ত্বের** প্রকারভেদগুলির যে কোনো **<u>একটির</u>** **<u>তিনটি</u>** উদাহরণসহ সংজ্ঞা:<br>শব্দার্থের উৎকর্ষ **অথবা** শব্দার্থের সংকোচন<br>●শুধু সংজ্ঞাটিকে ঠিকভাবে লিখলে 2 নম্বর<br><br>● শব্দের মূল অর্থ ও পরিবর্তিত অর্থ উল্লেখ করে উদাহরণ দিলে প্রতিটি উদাহরণের জন্য 1 নম্বর<br>যেমন : সংজ্ঞা:শব্দার্থের উৎকর্ষ– ‘মন্দির’– মূল অর্থ – শয়নগৃহ<br>পরিবর্তিত অর্থ – দেবালয়<br>শব্দার্থের সংকোচন–‘মৃগ’–<br>মূল অর্থ –যে কোনো পশু<br>পরিবর্তিত অর্থ – হরিণ<br>কিনতু, যে কোনো একটি অর্থ লিখলে প্রতিটির জন্য 0.5 নম্বর । যেমন –শব্দার্থের উৎকর্ষ–‘মন্দির’ – দেবালয়<br>শব্দার্থের সংকোচন–‘মৃগ’–হরিণ 0.5+0.5=1 | **2+3=5** |
| **C(Supplementary Reader/ Non-detailed Text )** | **7.** | **গদ্য** থেকে উদ্ধৃতি ভিত্তিক প্রশ্ন:<br><br>“আসল বাদাটার আর খোঁজ করা হয় না উচ্ছবের **।”–** উত্তর সংকেত:<br><br>a.● উচ্ছব অর্থাৎ উৎসব নাইয়া<br><br>● সুন্দরবন অঞ্চলের মাতলা নদী তীরবর্তী বাদা অঞ্চলের এক দরিদ্র মানুষ ।<br><br>b. ● সংসার হারিয়ে কলকাতায় ভাতের আশায় এসে বড়ো বাড়িতে থাকা শুরু এবং নানারকম চাল ও অর্থের প্রাচুর্যের উৎসের প্রতি কৌতূহলী হওয়া<br><br>● নিয়তির পরিহাসে,পরিস্থিতির চাপে ডেকচি চুরির অপরাধে থানায় যাওয়া<br><br>● যে বাদার জমির বিপুল ও উন্নত ধান ‘বড়ো বাড়ি’কে বড়ো করে তুলেছিল, সেই আসল বাদার | **2+3=5** |

| | | | |
|---|---|---|---|
| | | অনুসন্ধান বন্ধ্যা বাদার অধিবাসী উচ্ছবের জীবনে থমকে যায় এভাবে।<br><br>**অথবা**<br><br>"নিখিল ভাবছিল বন্ধুকে বুঝিয়ে বলবে, এভাবে দেশের লোককে বাঁচানো যায় না ।"- উত্তর সংকেত:<br><br>a. ● মৃত্যুঞ্জয় মাইনের পুরো টাকা রিলিফ ফান্ডে দিতে বলে<br><br>●নিখিল মৃত্যুঞ্জয়ের পরিবার ও তার স্ত্রীর স্বাস্থ্যের কথা মনে করলে মৃত্যুঞ্জয়ের কঠিন উত্তর<br><br>b.● বন্ধুর প্রতি সহানুভূতিশীল ও সংবেদনশীল<br><br>● বাস্তববাদী<br><br>● যথার্থ শুভাকাঙ্ক্ষী হিসাবে বন্ধুকে সঠিকভাবে বুঝিয়ে সমস্যা সমাধানের চেষ্টা | |
| **C(Supplementary Reader/ Non-detailed Text )** | **8.** | দীর্ঘ ঘুম থেকে উঠে দু পাশের ভিড় দেখে বুড়ির কী প্রতিক্রিয়া হয়েছিল ?<br>উত্তর সংকেত:<br><br>● মুখটা বিকৃত হল<br>● ফ্যাক ফ্যাক করে হেসে উঠল | **2** |
| | **9.** | "ফুটন্ত ভাতের গন্ধ তাকে বড় উতলা করে তোলে ।"- 'তাকে' ফুটন্ত ভাতের গন্ধ কেন উতলা করে তুলেছিল? উত্তর সংকেত:<br><br>● বন্যায় সবকিছু হারিয়ে উচ্ছব ভাতের আশায় কলকাতায় যে বাড়িতে আশ্রয় পায় সেখানে ছিল নানারকম চালের সম্ভার; যেখানে অবলীলায় ভাত | **3** |

| | | | |
|---|---|---|---|
| | | ফেলে দেওয়া হত<br>● দীর্ঘদিনের অনাহারে দুর্বল হয়ে পড়া উচ্ছবের কাছে ভাত তখন এক স্বপ্ন, এক অন্য অনুভূতি<br>● সেই স্বপ্নপূরণের আশাতেই তার সব কষ্টস্বীকার<br>**অথবা**<br>"সবাই চলে আসে সভ্যতার ছোট্ট উনোনের পাশে হাত –পা সেঁকে নিতে ।"–উক্তিটির তাৎপর্য:<br>উত্তর সংকেত:<br>● 'সভ্যতার ছোট্ট উনোন' হল গ্রামের বাজারের চায়ের দোকান যেখানে চাষাভুষো মানুষেরা একত্রিত হয়ে নানারকম আলোচনায়, আড্ডায় মেতে উঠত<br>●আলোচনার বিষয়বস্তু হিসাবে সমকালীন রাজনীতি, সিনেমা বা বিনোদন দুনিয়ার খবর কোনকিছুই বাদ যেত না<br>● 'সভ্যতা'র আরেক নাম অগ্রগতি, বহির্বিশ্ব সম্পর্কে অবগত থাকা<br>● প্রবল শীতে আগুনের তাপ যে উষ্ণতা এনে দেয়, জড়তা কাটাতে সাহায্য করে তেমনি চায়ের দোকানের নানা বিষয়ের আলোচনা গ্রামের মানুষের কাছে বাইরের জগতের জানলা খুলে দিত , মনকে আলোকিত করত | |
| **C(Supplementary Reader/ Non-detailed Text )** | **10.** | **কবিতা** থেকে প্রসঙ্গ সহ ব্যাখ্যা:<br>"সত্য যে কঠিন,<br>কঠিনেরে ভালবাসিলাম ।"<br>উত্তর সংকেত:<br>●উৎস- রবীন্দ্রনাথ ঠাকুরের 'রূপনারানের কূলে' | **5** |

| | | | |
|---|---|---|---|
| | | **কবিতা**<br><br>●প্রসঙ্গ-জীবন-নদীর তীরে পৌঁছে,আঘাত –সংঘাত মুখর বাস্তবের জনজীবনে দাঁড়িয়ে কবির আপন সত্তাকে দেখা ও চেনার প্রসঙ্গে<br><br>ব্যাখ্যা: ● রূপময় মর্ত্য-পৃথিবীর টানে কবি জেগে উঠেছেন<br>●সত্যকে শ্রদ্ধা করেই, তা যত কঠিনই হোক না কেন পৃথিবীর স্বরূপকে জানতে হবে<br>●স্বপ্নবিলাসের দ্বারা জীবনের সত্যকে এড়িয়ে যাওয়ার অর্থ জীবনের স্বাভাবিক গতিকে অস্বীকার করা, অন্যদিকে জীবনের স্বরূপকে চেনায় কঠিন সত্য<br>**অথবা**<br>“চোখ তো সবুজ চায়<br><br>দেহ চায় সবুজ বাগান ।”<br><br>উত্তর সংকেত:<br><br>●উৎস-শক্তি চট্টোপাধ্যায়ের ‘আমি দেখি’ কবিতা<br><br>●প্রসঙ্গ-বৃক্ষপ্রেম বা প্রকৃতির প্রতি ভালবাসার কথা ও শারীরিক-মানসিক সুস্থতার বিষয়ে প্রকৃতির অবদানের কথা বলতে গিয়ে<br><br>ব্যাখ্যা:● কবির বিশ্বাস,শারীরিক-মানসিক সুস্থতার জন্য সবুজের সান্নিধ্য দরকার<br><br>●নাগরিক জীবনের ক্লান্তি –বিষাদ ভুলতে সবুজের সতেজতার বিশেষ প্রয়োজন<br><br>●সবুজের বিস্তারে, তার পেলব স্পর্শে চোখ খুঁজে পায় তার আরাম | |
| | **11.** | “আমৃত্যুর দু:খের তপস্যা এ জীবন”-<br><br>উত্তর সংকেত: | **2+3=5** |

| | | | |
|---|---|---|---|
| | | a. ● সত্যের যে উপলব্ধিতে কবি পৌঁছেছেন তা কবি-মনের এক বিবর্তনের ইঙ্গিত<br><br>●পৃথিবীর মানুষের সন্নিধ্য কবিকে কল্পনা থেকে বাস্তবে নিয়ে আসে<br><br>b. ● আঘাত- দু:খ –সবকিছুর মধ্য দিয়ে সত্যকে উপলব্ধি করাই জীবন<br><br>● সত্যকে পেতে হলে দরকার কঠিন সাধনা<br><br>●সেই সত্যকে উপলব্ধির জন্য প্রয়োজন কল্পনা থেকে বাস্তবের কাছে আসা যা এই জগতের মানুষই এনে দিয়েছে কবির জীবনে<br><br>**অথবা**<br><br>" আমি তা পারি না ।"-<br><br>উত্তর সংকেত:<br><br>a.● কবি মৃদুল দাশগুপ্ত, সংকটে মানুষের থেকে মুখ ফিরিয়ে নিয়তির ওপর ভরসা করে থাকতে পারেন না<br><br>b. ●মানুষের অধিকার বিপন্ন হলে নিয়তির প্রতি আস্থাশীল হয়ে থাকা অকারণ সময় নষ্ট<br><br>●বিধির হাতে নিজেকে ছেড়ে দেওয়ার অর্থ ক্ষমতাবানের অবাধ বিচরণের সুযোগ করে দেওয়া<br><br>●মানুষের প্রতি দায়বদ্ধ থাকতে হলে অত্যাচারীর আনুগত্য বর্জন করতে হবে | |
| | **12.** | **আন্তর্জাতিক কবিতা** থেকে প্রশ্ন:<br><br>উত্তর সংকেত:<br><br>**a.** ●প্রাচীনকাল থেকে রোম ছিল খ্যাতির কেন্দ্রে<br><br>●প্রথম ও দ্বিতীয় শতকে রোম পৃথিবীর সবচেয়ে বড় | **2+3=5** |

| | | | |
|---|---|---|---|
| | | সাম্রাজ্য হয়ে উঠেছিল<br><br>**b.**●ইতিহাসের পাতায় মজুর শ্রেনীর মানুষেরা খুবই অবহেলিত।তাদের অবদানের কথা কোথাও স্বীকার করা হয়নি।<br>●ক্ষমতাবানদের হাতে তৈরি হয় প্রথাগত ইতিহাস, তাই সেখানে ক্ষমতাভোগীদের জয় ঘোষণা করা হয়। কিনতু প্রচলিত ইতিহাসের বাইরে থাকে আরেক ইতিহাস-যা তৈরি করে সভ্যতার প্রকৃত নির্মাতারা।<br>●রোম সাম্রাজ্যের আধিপত্য বিস্তারের পিছনেও ছিল সাধারণ মানুষের গুরুত্বপূর্ণ ভূমিকা –একথা বোঝানোর প্রসঙ্গে উদ্ধৃত উক্তিটির অবতারণা। - এটাই গুছিয়ে লিখতে হবে।<br>**অথবা**<br>a.●পবিত্র রোমান সাম্রাজ্যের উত্তরাধিকার দাবি করা শক্তিশালী সম্রাট<br>●১২১৫ খৃষ্টাব্দে রোমান সাম্রাজ্যের একচ্ছত্র অধিপতি হন<br>b.●দ্বিতীয় ফ্রেডারিককে তাঁর সাম্রাজ্য অক্ষুন্ন রাখার জন্য বারবার যুদ্ধ করতে হয়েছে।<br>●সাত বছর ধরে একটি যুদ্ধে জয়লাভ করেছিলেন তিনি কিন্তু তাঁর সঙ্গে যে সকল সৈন্য-সামন্ত যুদ্ধে সাহায্য করেছিল, অথবা মৃত্যুবরণ করেছিল, তাদের কথা ইতিহাসের পাতায় কোথাও লেখা নেই।<br>●সাধারণ সৈনিকদের ছাড়া একা সেই যুদ্ধ যেটা সম্ভব হতো না | |
| **C(Supplementary Reader/ Non-detailed Text )** | **13.** | **নাটক** থেকে বড় প্রশ্ন: | **2+3=5** |
| | | উত্তর সংকেত:<br><br>a. ●‘ নানা রঙের দিন’ - নাটকে প্রম্পটার কালীনাথ সেন প্রবীণ অভিনেতা রজনীকান্ত চট্টোপাধ্যায়ের প্রতি এই উক্তি করেন<br><br>b.● ফাঁকা প্রেক্ষাগৃহে, রজনী বাবু যখন অতীতে | |

| | | | |
|---|---|---|---|
| | | তাঁর অভিনীত বিখ্যাত চরিত্র বা বিশেষ দৃশ্যগুলি, যেমন 'সাজাহান' নাটকে ঔরঙ্গজীবের সিনটা বা নানান উল্লেখযোগ্য সংলাপ নির্ভুলভাবে বলে অভিনয় করতে থাকেন তখন কালীনাথ তাঁকে এ কথা বলে<br><br>●রজনী বাবুর মানসিকতা এখানে গুছিয়ে লিখতে হবে।<br>**অথবা**<br>**a.**●নাট্যজীবনের ৪৫ বছর কাটিয়ে রজনীকান্ত যখন দেখতে পাচ্ছেন থিয়েটার জীবনের পুরো কঙ্কালকে তখন<br>b.● প্রেমিকার সঙ্গে বিচ্ছেদ রজনীকান্তকে নতুন শিক্ষা দেয়, যে কোনো চরিত্রে অভিনয় শুরু করেন<br>●নতুন চরিত্র ফুটিয়ে তোলার সহজাত দক্ষতা হারিয়ে যায়<br>●রজনীকান্ত বুঝতে পারেন, হারিয়ে যাওয়া দিন আর ফিরে আসবে না | |
| | **14.** | **সহায়ক পাঠ** থেকে বড় প্রশ্ন | **2+3=5** |
| **C(Supplementary Reader/ Non-detailed Text )** | | উত্তর সংকেত:<br>a. চৈত্র মাসে গারো পাহাড়ের নিচে জঙ্গলে শুকনো ঝোপঝাড়ে গারো পাহাড়ের কৃষক সম্প্রদায়ের অধিবাসীরা ফসল ফলানোর জন্য বনে যে আগুন জ্বালায় তাকে 'রাবণের চিতা' বলা হয়েছে।<br>b.● রামায়ণে আছে, রামচন্দ্রের হাতে রাবণের মৃত্যু হলেও রাবণের স্ত্রী মন্দোদরী বিধবা হন নি কারণ রাবণের চিতার আগুন কখনো নেভে নি।<br>● গারো পাহাড়ের নিচের জঙ্গলের আগুনও যেন জ্বলতেই থাকত, কখনো নিভতে চাইত না। তাই আগুনের ব্যাপকতা বোঝাতে তাকে 'রাবণের চিতা' | |

| | | | |
|---|---|---|---|
| | | বলা হয়েছে।<br>**অথবা**<br>**a.**●পুরনো কেল্লায় ছিল<br>●বাঘ, সাপ ঘুরে বেড়াত<br>●জিনিসপত্র অগ্নিমূল্য ছিল<br>b. ● দেশকে ভালবাসাই যাদের একমাত্র অপরাধ তাদের জন্য তৈরী হয়েছিল বক্সা জেলখানা ।<br>●দু যুগ আগেও যাঁরা সেখানে ছিলেন তাঁদের অনেককেই গল্পকথক বক্সা জেলখানায় থাকতে দেখেছেন<br>●বাংলাদেশের অর্ধ শতাব্দী বিস্তৃত মুক্তিযুদ্ধে যাঁরা জীবন উৎসর্গ করেছিলেন সেই সতীশ পাকড়াশীও ছিলেন জেলে<br>●যাঁরা সবরকম বাধার বিরুদ্ধে দাঁড়িয়ে মানুষের মনে সাহস যুগিয়েছেন , অজয়ের তীরে দাঁড়িয়ে বন্যারোধী বাঁধ তাঁদের সবারই ঠাঁই হয়েছে বক্সা জেলে । | |
| **D(Creative Writing)** | **15.** | **প্রতিবেদন** পড়ে প্রশ্নোত্তর<br>উত্তর সংকেত:<br>a. শিরোনাম- প্রতিবেদনের মূল বিষয়টি কয়েকটি শব্দের মধ্যে উল্লেখ করতে পারলে 2 নম্বর দেওয়া হবে। (সংকেত: বই: মানবমনে চেতনার উন্মেষ /মানবমনে শিক্ষার বীজ রোপণ করে বই ইত্যাদি )<br>b.●মানুষের শিক্ষা-সভ্যতা-সংস্কৃতির সঙ্গে বইয়ের সম্পর্ক নিবিড়<br>● মানুষের মনে প্রশ্ন জাগায় বই, তা যেন | **2+3=5** |

| | | | |
|---|---|---|---|
| | | মানবমনের প্রশ্বাস নেওয়ার প্রয়োজনীয় অক্সিজেন<br><br>●যে বই স্বাভাবিকভাবেই নারীমনেও নানাভাবে তোলে আলোড়ন তালিবান-শাসিত কাবুলে সেই বই ‘নিষিদ্ধ’ হলেও অধ্যাপক ইসমাইল মাশালের বিশ্বব্যাপী প্রতিবাদে ও তাঁর উদ্যোগে বন্ধু ও সহকারি ফরিদ আহমেদ ফাজলিকে নিয়ে কাবুলের পথে পথে বই বিলি করা অবশ্যই অভিনন্দনযোগ্য | |
| | **16.** | **বিজ্ঞাপন** তৈরি করা– উত্তর সংকেত:<br><br>● শিরোনাম ও কতটা বিষয় অনুসারী<br><br>● উপস্থাপনা ও লিখনশৈলী( বক্স নির্মাণ আবশ্যিক)<br><br>**বিজ্ঞাপন**<br><br>**●শিরোনাম**<br><br>**●৫০টি শব্দের মধ্যে বাক্য / বাক্যাংশ**<br><br>**●প্রধান বিষয়ে আলোকপাত করার জন্য বিষয়ানুগ শব্দবন্ধ / বাক্যবন্ধ / প্রয়োজনে চিত্রের ব্যবহার**<br><br>**●বিষয় অনুযায়ী ঠিকানা ও যোগাযোগের নম্বর** | **2+3=5** |